সমকাল

তারিখ 17 JUL 2017
পৃষ্ঠা ২০ কলাম ৬

# মাদ্রাসার নামের সঙ্গে 'ক্যাডেট' ও 'ইন্টারন্যাশনাল' নয়

## ১১ দফা নির্দেশনা মন্ত্রণালয়ের

■ বিশেষ প্রতিনিধি

প্রতিষ্ঠানের নামের সঙ্গে যুক্ত 'ক্যাডেট' ও 'ইন্টারন্যাশনাল' শব্দ বাদ দিতে সারাদেশের ক্যাডেট মাদ্রাসাকে নির্দেশ দিয়েছে সরকার। একই সঙ্গে অননুমোদিতভাবে প্রতিষ্ঠিত এ ধরনের মাদ্রাসার শিক্ষা কার্যক্রম পরিচালনায় সরকারের অনুমতি নিতে তিন মাস সময় বেঁধে দেওয়াসহ ১১ দফা নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনার আলোকে গতকাল রোববার জারি করা এক আদেশে ক্যাডেট মাদ্রাসার অবৈধ ব্যবসা পরিচালনা সংক্রান্ত সিদ্ধান্তগুলো শিগগির বাস্তবায়ন করতে বলা হয়।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## মাদ্রাসার নামের

[শেষ পৃষ্ঠার পর]

ছাড়াও সব জেলা প্রশাসক, জেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং ক্যাডেট মাদ্রাসাগুলোর অধ্যক্ষদের এসব সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশ দিয়েছে মন্ত্রণালয়।

আদেশে বলা হয়, আগামী তিন মাসের মধ্যে অননুমোদিতভাবে প্রতিষ্ঠিত ক্যাডেট মাদ্রাসাগুলোকে শিক্ষা কার্যক্রম পরিচালনায় সরকারি অনুমতি নিতে হবে। প্রতিষ্ঠানের নামকরণ থেকে 'ক্যাডেট' ও 'ইন্টারন্যাশনাল' শব্দ বাদ দিতে হবে। এনসিটিবি ও মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত বই পড়ানো ও পাঠদান নিশ্চিত করতে হবে। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা বোর্ড, জেলা প্রশাসক, জেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তারা এসব প্রতিষ্ঠানে নিয়মিত নজরদারি করবেন। মাদ্রাসা ব্যবস্থাপনা কমিটিতে একজন জেলা বা উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি থাকবেন। জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত আবশ্যিকভাবে গাইতে হবে। এতে আরও বলা হয়, জাতীয় দিবসগুলো বাধ্যতামূলক মাদ্রাসায় পালন করতে হবে। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করতে হবে। মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে নিবন্ধন নিতে হবে। ছাত্রছাত্রীদের বেতন-ভাতা ও টিউশন ফি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের মতো নির্ধারণপূর্বক পরিশোধ নিশ্চিত করতে হবে। নিয়মিত অডিট কার্যক্রম পরিচালনা করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা বিভাগের কর্মকর্তারা জানান, কয়েকটি মাদ্রাসা নামের সঙ্গে 'ক্যাডেট' ও 'ইন্টারন্যাশনাল' শব্দ জুড়ে দিয়ে শিক্ষার্থী ভর্তিতে অতিরিক্ত অর্থ নেওয়া ছাড়াও বেশি বেতন নিচ্ছে। এ ছাড়া প্রতিষ্ঠানের নামের সঙ্গে 'ইন্টান্যাশনাল' শব্দ লাগিয়ে এনসিটিবির কারিকুলাম অনুসরণ না করে নিজেদের পছন্দমতো বই বিক্রি করে তা শিক্ষার্থীদের পড়তে বাধ্য করছে। এসব যেন আর না করতে পারে সে জন্যই মন্ত্রণালয় সিদ্ধান্তগুলো নিয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/অবগত্যর্থে
স্বাক্ষর